

বাংলাদেশ সরকারী কর্ম কমিশন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
www.bpsc.gov.bd

প্রেস বিজ্ঞপ্তি

নথি নং- ৮০.১০১.০১১.১২.১৪.০১৩.২০১৭/৬৮৮

তারিখ: ১৫ অক্টোবর ২০১৮
০১ কার্তিক ১৪২৫

বিষয়: ডাক ও টেলিযোগাযোগ বিভাগের অধীন ডাক অধিদপ্তরের এস্টিমেটর পদের লিখিত পরীক্ষা গ্রহণ।

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য ডাক ও টেলিযোগাযোগ বিভাগের অধীন ডাক অধিদপ্তরের এস্টিমেটর [বিজ্ঞপ্তির ক্রমিক নং-৫৭, তারিখ: ২৪.০১.২০১৮] পদের বাছাই পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের ৩ ঘণ্টাব্যাপী লিখিত পরীক্ষার সময়সূচি, আসন ব্যবস্থা ও নির্দেশাবলি নিম্নে দেওয়া হলো:

লিখিত পরীক্ষার সময়সূচি ও আসন ব্যবস্থা:

পরীক্ষার তারিখ ও সময়	পরীক্ষা হলের নাম	রেজিস্ট্রেশন নম্বর		প্রার্থীর সংখ্যা
		থেকে-----পর্যন্ত		
৩০.১০.২০১৮ মঙ্গলবার দুপুর-১ টা থেকে ৪ টা পর্যন্ত	শেরেবাংলা নগর সরকারী বালিকা উচ্চ বিদ্যালয়, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।	000016	800096	১৩১

লিখিত পরীক্ষা সম্পর্কিত জরুরি নির্দেশাবলি:

১. প্রার্থীদের নতুন করে কোনো প্রবেশপত্র প্রেরণ করা হবে না। অনলাইনে প্রাপ্ত বাছাই পরীক্ষার প্রবেশপত্রসহ লিখিত পরীক্ষায় উপস্থিত হতে হবে। প্রবেশপত্র হারিয়ে গেলে/নষ্ট হলে কমিশনের ওয়েবসাইট www.bpsc.gov.bd এবং টেলিটক বাংলাদেশ লিঃ এর ওয়েবসাইট <http://bpsc.teletalk.com.bd> থেকে প্রবেশপত্র ডাউনলোড করে সংগ্রহ করতে হবে।
২. প্রবেশপত্র ব্যতীত কোনো প্রার্থী পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন না।
৩. পরীক্ষার নির্ধারিত সময়ের কমপক্ষে ১৫ মিনিট আগে আসন গ্রহণ করতে হবে। পরীক্ষা শুরু হওয়ার ১৫ মিনিট পর কোনো প্রার্থীকে পরীক্ষা কক্ষে প্রবেশ করতে দেয়া হবে না। পরীক্ষা শুরু হওয়ার ২ ঘণ্টার মধ্যে কোনো প্রার্থী পরীক্ষা কক্ষ ত্যাগ করতে পারবেন না।
৪. প্রার্থীদেরকে বিশেষভাবে সতর্ক করা যাচ্ছে যে, উত্তরপত্রে রেজিস্ট্রেশন নম্বর সঠিকভাবে না লিখলে এবং সঠিকভাবে বৃত্ত পূরণ না করলে অথবা কোনোরূপ কাটাকাটি করলে বা উত্তরপত্রে ফ্লুইড লাগালে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থিতা বাতিল হবে।
৫. হাজিরা তালিকায় প্রত্যেক প্রার্থীর রেজিস্ট্রেশন নম্বর এবং নামের পাশে তার ছবি ও প্রবেশপত্রের অনুরূপ স্বাক্ষর মুদ্রিত থাকবে। প্রবেশপত্রের ছবি ও স্বাক্ষরের সঙ্গে হাজিরা তালিকার ছবি ও স্বাক্ষর মিলিয়ে দেখা হবে, মিল না থাকলে উক্ত প্রার্থীকে বহিষ্কার এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

